"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং-৫৭.০৩.০০০০.০১৯.২৩.০৩৫.২১- ১৮৯

তারিখঃ ২৩ ফেব্রুয়ারী ২০২১খ্রিঃ।

**বিষয়ঃ 'বঙ্গবন্ধু শিক্ষা বীমা' বাস্তবায়নের নিমিত্ত শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষার্থীর তথ্য প্রেরণ।**

সূত্র : (১) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৫৩.১৫.০০৬.১৯-৫২, তারিখ: ১৭ ফেব্রুয়ারী, ২০২১খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের মর্মানুযায়ী তাঁর প্রতিষ্ঠানের সকল শিক্ষার্থীর তথ্য (সংযুক্ত ছক মোতাবেক) সফটকপি(এক্সেলশিটে) এবং হার্ডকপি অত্র অধিদপ্তরে dte.piw@gmail.com ই-মেইলে জরুরী ভিত্তিতে আগামী ২৫/০২/২০২১ তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনা মোতাবেক ( ০৮ পাতা)

(প্রকৌ. মোঃ খুরশিদ আলম)
সহকারী পরিচালক

**বিতরণ (জেষ্ঠতার ভিত্তিতে নহে):**

১। অধ্যক্ষ, পলিটেকনিক ইনস্টিটিউট (ঢাকা /মুন্সিগঞ্জ / নরসিংদী/ টাঙ্গাইল/ গোপালগঞ্জ/ ফরিদপুর/ ময়মনসিংহ/ শেরপুর/ চট্টগ্রাম মহিলা/ কক্সবাজার/ বাংলাদেশ সুইডেন/ ফেনী/ কুমিল্লা/ বাংলাদেশ সার্ভে/ চাঁদপুর /রাজশাহী/ চাঁপাইনবাবগঞ্জ/ পাবনা/ বগুড়া/ খুলনা মহিলা/ যশোর/ কুষ্টিয়া/ মাগুরা/ বরিশাল/ ভোলা/ পটুয়াখালী/ রংপুর/ ঠাকুরগাঁও/ দিনাজপুর/ সিলেট/ হবিগঞ্জ/ মৌলভীবাজার)।

২। অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ (মানিকগঞ্জ/ নারায়নগঞ্জ/ রাজবাড়ী/ মাদারীপুর/ কিশোরগঞ্জ/ শরীয়তপুর/ গাজীপুর /জামালপুর/ নেত্রকোনা/ মাইজদী /লক্ষ্মীপুর/ খাগড়াছড়ী/ বান্দরবান/ বি-বাড়িয়া/ নাটোর/ নওগাঁ/ সিরাজগঞ্জ/ জয়পুরহাট/ নড়াইল/ চুয়াডাঙ্গা/ ঝিনাইদহ/ সাতক্ষীরা/ বরগুনা/ ঝালকাঠি/ পিরোজপুর/ গাইবান্ধা/ কুড়িগ্রাম/ লালমনিরহাট/ নীলফামারী/ পঞ্চগড়/ ছাতক/ সুনামগঞ্জ)।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

১। পরিচালক(প্রশাসন/পিআইডব্লিউ/ভেকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩। সিনিয়র সহকারী সচিব, (কারিগরি শাখা-০৪), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েভসাইটে প্রকাশ ও সংশ্লিষ্টদের ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)।
৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। সংরক্ষন নথি।

অতীব জরুরি

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি শাখা-০৪
www.tmed.gov.bd

স্মারক নং- ৫৭.০০.০০০০.০৫৩.১৫.০০৬.১৯-৫২

তারিখঃ ০৪ ফাল্গুন, ১৪২৭ বঙ্গাব্দ
১৭ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ 'বঙ্গবন্ধু শিক্ষা বীমা' বাস্তবায়নের নিমিত্ত শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষার্থীর তথ্য প্রেরণ।

সূত্র: অর্থ মন্ত্রণালয়ের বীমা শাখার ১৬/০২/২০২১ তারিখের ৫৩.০০.০০০০.৪১১.৩২.০০৩.২০-১৫১ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে 'বঙ্গবন্ধু শিক্ষা বীমা' পরিকল্পটি বাস্তবায়নের জন্য দেশের প্রতিটি জেলা হতে ১টি করে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান (পলিটেকনিক ও টেকনিক্যাল স্কুল ও কলেজ) বাছাই করে বাছাইকৃত শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষার্থীর তথ্য (সংযুক্ত ছক মোতাবেক) সফটকপি (এক্সেলশিটে) এবং হার্ডকপি জরুরিভিত্তিতে আগামী ০৩ কর্মদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

তৌহিদুজ্জামান পাভেল
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪৫৪৩৮

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে:

১. অতিরিক্ত সচিব (কারিগরি অনুবিভাগ-১/কারিগরি অধিশাখা-১), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অফিস কপি।

শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
সচিবের দপ্তর
ডায়েরি নম্বর: ৪০৯ তারিখ: ১৬/২/২১

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
অতিরিক্ত সচিব (প্রশাঃ ও অর্থ) এর দপ্তর
ডাইরী নং- ৭৫৫০
তারিখ- 16 FEB 2021

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
বীমা শাখা
www.fid.gov.bd

মুজিব বর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

নম্বর-৫৩.০০.০০০০.৪১১.৩২.০০৩.২০-১৫১

০৩ ফাল্গুন ১৪২৭
১৬ ফেব্রুয়ারি ২০২১

**বিষয় : 'বঙ্গবন্ধু শিক্ষা বীমা' বাস্তবায়নের নিমিত্ত শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষার্থীর তথ্য সংগ্রহ।**

সূত্র : বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রন কর্তৃপক্ষের স্মারক-৫৩.০৩.০০০০.০১৭.৫৭.০৩৪.১৭-২৪৮; ১৫ ফেব্রুয়ারি ২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে, আগামী ১ মার্চ ২০২১ এ জাতীয় বীমা দিবস। এ বীমা দিবসে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের অর্থায়নে জীবন বীমা কর্পোরেশনের মাধ্যমে 'বঙ্গবন্ধু শিক্ষা বীমা' পরিকল্পটি মাননীয় প্রধানমন্ত্রী শুভ উদ্বোধন করবেন। প্রাথমিকভাবে ৫০ হাজার শিক্ষার্থীর মধ্যে পাইলটিং ভিত্তিতে বীমা পরিকল্পটি বাস্তবায়ন করা হবে। বঙ্গবন্ধু শিক্ষা বীমা বাস্তবায়নের জন্য প্রতিটি জেলা হতে ১টি করে সরকারি প্রাথমিক বিদ্যালয়, সরকারি মাধ্যমিক বিদ্যালয়, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান (আলিম পর্যায়ের) বাছাই করে বাছাইকৃত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীর তথ্যাদি প্রয়োজন।

০২। এ অবস্থায়, 'বঙ্গবন্ধু শিক্ষা বীমা' পরিকল্পটি বাস্তবায়নের জন্য দেশের প্রতিটি জেলা হতে ১টি করে সরকারি প্রাথমিক বিদ্যালয়, সরকারি মাধ্যমিক বিদ্যালয়, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান এবং মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান (আলিম পর্যায়ের) বাছাই করে বাছাইকৃত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীর তথ্য (সংযুক্ত ছক মোতাবেক) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক ০২ (দুই) পাতা

১৬.০২.২০২১

কামরুল হক মারুফ
উপসচিব
ফোন: ৯৫৮৪৯৬৬
ds.insurance@fid.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা; এবং
৩। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**অনুলিপি-সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:**

১। চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ৩৭/এ দিলকুশা বা/এ, ঢাকা
২। সিনিয়র সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩। অতিরিক্ত সচিব (বীমা) এর ব্যক্তিগত কর্মকর্তা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪। যুগ্মসচিব (বীমা) এর ব্যক্তিগত কর্মকর্তা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (মহোদয়ের সদয় অবগতির জন্য)

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা
উন্নয়ন শাখা
প্রশাসন অনুবিভাগ
www.idra.org.bd

'মুজিববর্ষের অঙ্গীকার
বীমা হোক সবার'

স্মারক নং: ৫৩.০৩.০০০০.০১৭.৫৭.০৩৪.১৭.২৪৮

তারিখ: ১৫ ফেব্রুয়ারি ২০২১

বিষয়ঃ 'বঙ্গবন্ধু শিক্ষা বীমা' বাস্তবায়নের নিমিত্ত শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষার্থীর তথ্য সংগ্রহ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, আসছে ১ মার্চ জাতীয় বীমা দিবস। এ বীমা দিবসে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের অর্থায়নে জীবন বীমা কর্পোরেশনের মাধ্যমে 'বঙ্গবন্ধু শিক্ষা বীমা' উদ্যোগটি প্রাথমিকভাবে ৫০,০০০ হাজার শিক্ষার্থীর মধ্যে পাইলটিং বেসিসে বাস্তবায়ন করার পরিকল্পনাটি মাননীয় প্রধানমন্ত্রী শুভ উদ্বোধন করবেন যার জন্য শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষার্থীদের বিষয়ে তথ্যাদি সংগ্রহ করা অত্যন্ত জরুরী।

০২। বর্ণিত ৫০,০০০ শিক্ষার্থী নির্ধারণে প্রত্যেক জেলা হতে ১টি করে সরকারী প্রাথমিক বিদ্যালয়, সরকারী উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, সরকারী কলেজ ও মাদ্রাসার (আলিম পর্যায় পর্যন্ত) নাম select করে উক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সকল শিক্ষার্থীর তথ্যাদি সংগ্রহ করা অতীব জরুরী। এক্ষেত্রে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রণালয় হতে সংযুক্ত ছক মোতাবেক তথ্যাদি সংগ্রহ করে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বরাবর দ্রুততম সময়ের মধ্যে প্রেরণের উদ্যোগ গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হল।

০৩। বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তি: বর্ণনামতে ১ ফর্দ।

১৫/০২/২০২১

(ড. এম. মোশাররফ হোসেন, এফসিএ)
চেয়ারম্যান

সিনিয়র সচিব
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ
সচিবালয়, ঢাকা।

অনুলিপি:
১. গভর্নর, বাংলাদেশ ব্যাংক;
২. মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব (বিষয়টি মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের দৃষ্টিগোচরে আনার অনুরোধসহ);
৩. সদস্যবৃন্দের ব্যক্তিগত সহকারী, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
৪. অফিস কপি।

শিক্ষা প্রতিষ্ঠানের নাম:

ঠিকানা:

| ক্র: নং | শিক্ষার্থীর নাম | জন্ম তারিখ | শ্রেণী | পিতা/অভিভাবকের নাম | পিতা/অভিভাবকের জন্ম তারিখ | পিতা/অভিভাবকের এনআইডি নম্বর | পিতা/অভিভাবকের মোবাইল নম্বর | শিক্ষার্থীর পিতা/অভিভাবকের ব্যাংক হিসাব নম্বর (যদি থাকে) ব্যাংক ও শাখার নামসহ | শিক্ষার্থীর বর্তমান ঠিকানা |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | | | | | | | | | |
| ২ | | | | | | | | | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
বীমা অধিশাখা
www.fid.gov.bd

মুজিব বর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

নম্বর-৫৩.০০.০০০০.৪১১.৩২.০০৩.২০-১৫০ ০২ ফাল্গুন ১৪২৭
১৫ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: **'বঙ্গবন্ধু শিক্ষা বীমা' বাস্তবায়নের লক্ষ্যে প্রস্তুতকৃত খসড়া পরিকল্প চূড়ান্তকরণের লক্ষ্যে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।**

সূত্র: আর্থিক প্রতিষ্ঠান বিভাগের স্মারক-৫৩.০০.০০০০.৪১১.৩২.০০৩.২০২০.১৫৪; ১৫ ফেব্রুয়ারি ২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর স্মৃতি বিজরিত ০১ মার্চ'কে 'জাতীয় বীমা দিবস' হিসেবে ঘোষণা করেছে। উল্লেখ্য, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ০১ মার্চ ১৯৬০ এ তৎকালীন আলফা ইন্স্যুরেন্স কোম্পানিতে যোগদান করেছিলেন। এ প্রেক্ষাপটে, আগামী ০১ মার্চ ২০২১ তারিখে যথাযোগ্য মর্যাদায় জাতীয় বীমা দিবস উদযাপন করা হবে। মাননীয় প্রধানমন্ত্রী আগামী ০১ মার্চ ২০২১ তারিখে 'বঙ্গবন্ধু শিক্ষা বীমা' পরিকল্প উদ্বোধন করবেন বলে আশা করা যাচ্ছে। উক্ত পরিকল্পটি বাস্তবায়নের লক্ষ্যে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অতিরিক্ত সচিব (বীমা) এর সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় অন্যান্য সিদ্ধান্তসমূহের মধ্যে-

"(ক) 'বঙ্গবন্ধু শিক্ষা বীমা' কার্যক্রম বাস্তবায়নের কাজ সহজ করার লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং কারগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ দেশের প্রতিটি জেলার ০১টি মাধ্যমিক বিদ্যালয়, ০১টি মাদ্রাসা ও ০১টি কারগরি শিক্ষা প্রতিষ্ঠান বাছাইপূর্বক বাছাইকৃত শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষার্থীর সংখ্যা আর্থিক প্রতিষ্ঠান বিভাগের প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ হ'ল।

(খ) 'বঙ্গবন্ধু শিক্ষা বীমা' কার্যক্রম বাস্তবায়নের কাজ সহজ করার লক্ষ্যে দেশের প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় প্রতিটি জেলার ০১টি করে প্রাথমিক বিদ্যালয় বাছাই করে বাছাইকৃত বিদ্যালয়ের সকল শিক্ষার্থীর সংখ্যা আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ করবে' মর্মেও সিদ্ধান্ত গৃহীত হয়।"

২। উপরোক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের লক্ষ্যে বাছাইকৃত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের সংখ্যাসহ তালিকা জরুরিভিত্তিতে আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

সংযুক্তি : বর্ণনামতে ০২(দুই) পাতা

১৫.০২.২০২১

কামরুল হক মারুফ
উপসচিব
ফোন: ৯৫৮৪৯৬৬
ds.insurance@fid.gov.bd

**বিতরণ: জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়**

১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**অনুলিপি-সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:**

১। চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ৩৭/এ দিলকুশা বা/এ, ঢাকা
২। সিনিয়র সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩। অতিরিক্ত সচিব (বীমা) এর ব্যক্তিগত কর্মকর্তা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪। যুগ্মসচিব (বীমা) এর ব্যক্তিগত কর্মকর্তা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (মহোদয়ের সদয় অবগতির জন্য)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**(বীমা শাখা)**
**www.fid.gov.bd**

**'বঙ্গবন্ধু শিক্ষা বীমা' বাস্তবায়ন বিষয়ক প্রস্তুতকৃত প্রোডাক্ট চূড়ান্তকরণের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব আব্দুল্যাহ হারুন পাশা, অতিরিক্ত সচিব<br>আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | : | ১১ ফেব্রুয়ারি ২০২১, বৃহস্পতিবার, বিকাল ০৩:০০টা |
| সভার স্থান | : | Zoom Conference |
| উপস্থিতি | : | **পরিশিষ্ট 'ক'** |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করা হয়। সভার সূচনা বক্তব্যে জানানো হয় যে, বঙ্গবন্ধু শিক্ষা বীমা পরিকল্প বাস্তবায়ন আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি(এপিএ) তে উল্লিখিত বঙ্গবন্ধু শিক্ষা বীমা বাস্তবায়ন বিষয়ক গৃহীত কার্যক্রমটি গত মার্চ ২০২০ তারিখের মধ্যে বাস্তবায়নে লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল। যা' নির্ধারিত সময়ে বাস্তবায়ন করা সম্ভব হয়নি বাংলাদেশ ব্যাংকের 'স্কুল ব্যাংকিং' এর আওতভুক্ত শিক্ষার্থীদের বীমা সুবিধা প্রদানের নিমিত্ত তাদের জন্য একটি বীমা পরিকল্প তৈরি করে বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করা হয়। পরিকল্পটির বিষয়ে বাংলাদেশ ব্যাংক তাদের মতামত বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করে। এ অবস্থায় বঙ্গবন্ধু শিক্ষা বীমা বিষয়ক পরিকল্প টির কার্যক্রমের আওতায় প্রস্তুতকৃত প্রোডাক্ট চূড়ান্তকরণের লক্ষ্যে এ সভার মূখ্য উদ্দেশ্য।

আলোচনা:

০১। ড. মোশাররফ হোসেন এফসিএ, চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (আইডিআরএ) বলেন যে, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ ব্যাংক ও আইডিআরএ'র যৌথ সমন্বয়ে 'বঙ্গবন্ধু শিক্ষা বীমা' পরিকল্পের একটি পূর্ণাঙ্গ ডিজাইন প্রস্তুত করা হয়েছে। প্রোডাক্টটির আওতায় বাৎসরিক ৮৫ টাকার বিনিময়ে একজন বীমাগ্রাহক (শিক্ষার্থীর পিতা-মাতা)'র অবর্তমানে মনোনিত নমিনি শিক্ষার্থীর বয়স ১৭ বছর না হওয়া পর্যন্ত মাসিক ৫০০/- টাকা করে পাবেন। পরিকল্পটি দ্রুত বাস্তবায়নে গত ১০ ফেব্রুয়ারি ২০২১ এ আইডিআরএ তে একটি সভার আয়োজন করা হয়। সভায় আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, প্রাথমিক ও গণ শিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এবং জীবন বীমা কর্পোরেশনের প্রতিনিধির সমন্বয়ে ১০ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করার প্রস্তাব করা হয়েছে যা' আজকের সভায় অনুমোদিত হলে কমিটির পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। গঠিত কমিটি থেকে প্রাপ্ত মতামত/ সিদ্ধান্ত পরবর্তীতে প্রোডাক্টটি সরকারি প্রতিষ্ঠান হিসেবে জীবন বীমা কর্পোরেশনের মাধ্যমে দুই বছর মেয়াদী পাইলটিং ভিত্তিতে চালু করা যেতে পারে। পাইলটিং সময়ের মধ্যে দেশের ৬৪টি জেলা থেকে প্রাথমিক, মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক, কারিগরি ও মাদ্রাসা শিক্ষায় জেলা ভিত্তিক একটি করে শিক্ষা প্রতিষ্ঠানের প্রায় ৫০ হাজার শিক্ষার্থীকে এ বীমা পরিকল্পের আওতায় আনার পরিকল্পনা রয়েছে। পাইলটিং সময়ের মধ্যে প্রোডাক্টটির অপারেশনাল Difficulty চিহ্নিত করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। তবে এ দুই বছরে প্রাপ্ত প্রিমিয়াম আইডিআরএ কর্তৃক জীবন বীমা কর্পোরেশন (জীবীক) কে প্রদান করা হবে এবং জীবীক উক্ত পরিকল্পের আওতায় উত্থাপিত বীমা দাবি নিষ্পত্তি করবে।

০২। ড. মোহাম্মদ সোহরাব উদ্দিন একচ্যুয়ারি, বলেন যে,বাংলাদেশ ব্যাংকের 'স্কুল ব্যাংকিং' এর আওতাভুক্ত শিক্ষার্থীদের বীমা সুবিধা প্রদানের নিমিত্ত শিক্ষার্থীর জন্য বীমা পরিকল্প বাস্তবায়নের জন্য বাংলাদেশ ব্যাংক যে প্রস্তাবনা তৈরি করে তাতে সকল বীমাকৃত ব্যক্তির ব্যাংক এ্যাকাউন্ট থাকার বিষয়ে প্রস্তাব ছিল বিধায় এ্যাকাউন্ট খোলার বিষয়ে প্রস্তাবনায় রাখা হয়েছে।

০৩। জনাব মোঃ ফিরোজ উদ্দিন, যুগ্মসচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় বলেন যে, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন সারাদেশব্যাপি প্রায় ৬৫,৬২৬টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। যেহেতু বঙ্গবন্ধু শিক্ষা বীমা পরিকল্পটি প্রারম্ভিকভাবে পাইলটিং আকারে প্রায় ৫০ হাজার শিক্ষার্থীর মধ্যে তা' চালু করার প্রস্তাব করা হয়েছে সেহেতু সবগুলো স্কুলের ছাত্র-ছাত্রী প্রাথমিকভাবে অন্তর্ভূক্ত করা না গেলেও সভার আলোচ্যসূচি অনুসারে দেশের প্রতিটি জেলা থেকে ০১টি করে প্রাথমিক বিদ্যালয় বাছাইপূর্বক শিক্ষার্থীদের নামের তালিকা আর্থিক প্রতিষ্ঠান বিভাগে

প্রেরণ করা হবে। এছাড়া 'বঙ্গবন্ধু শিক্ষা বীমা' পরিকল্পটির পূর্ণাঙ্গ বাস্তবায়নে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক সার্বিক সহযোগিতা প্রদান করা হবে।

০৪। জনাব কামরুল হক মারুফ, উপসচিব বলেন যে, প্রাথমিকভাবে বাংলাদেশ ব্যাংকের আওতাধীন স্কুল ব্যাংকিং এর আওতায় স্কুলগামী সকল শিক্ষার্থীকে বঙ্গবন্ধু শিক্ষা বীমা পরিকল্পের আওতায় আনার প্রস্তাবনা ছিল। পরবর্তীতে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক পরিকল্পটির বিষয়ে আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রস্তাব প্রেরণ করা হলে তা' এ বিভাগের ফ্লাগশিপ প্রোগ্রাম হিসেবে বিবেচনায় আনা হয়। আর এ পরিকল্পের প্রোডাক্ট ডিজাইন করার জন্য প্রাথমিকভাবে ড. সোহরাব হোসেন একচ্যুয়ারি, জনাব ফাহিম ইসলাম একচ্যুয়ারি এবং জনাব সত্যম সাধু একচ্যুয়ারি কে দায়িত্ব প্রদান করা হয়। প্রারম্ভিকভাবেই যে বীমা প্রোডাক্ট তৈরি করা হয়েছিল তাতে বাংলাদেশ ব্যাংকের কিছু পর্যবেক্ষণের ভিত্তিতে প্রোডাক্টটি চূড়ান্তকরণে সময় লেগেছে। আজকের সভায় প্রোডাক্টটি চূড়ান্ত করা হলে তা' আগামী ০১ লা মার্চ ২০২১ এ জাতীয় বীমা দিবসে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধন করা হবে।

০৫। জনাব আবু হেনা মো. মোস্তফা কামাল, জেনারেল ম্যানেজার (উপসচিব), জীবন বীমা কর্পোরেশন বলেন যে, বঙ্গবন্ধু শিক্ষাবীমা পরিকল্প পাইলটিং ভিত্তিতে বাস্তবায়নে সরকারি প্রতিষ্ঠান হিসেবে জীবন বীমা কর্পোরেশনকে বাছাই করা হলে প্রবাসী বীমার ন্যায় কর্পোরেশনের চলমান অনলাইন কার্যক্রমের মাধ্যমে এ পরিকল্পের আওতায় সকল কার্যক্রম সম্পাদনসহ ইএফটি'র মাধ্যমে বীমা দাবি নিষ্পত্তি করা হবে। তবে এ পরিকল্প বাস্তবায়নের জন্য Management Cost বাবদ জীবীক' কে'২০% সার্ভিস চার্জ প্রদানের অনুরোধ করেন। এছাড়া, প্রস্তুতকৃত প্রোডাক্ট এর মধ্যে অনেকগুলো Exclusion Clause দেয়া রয়েছে। প্রোডাক্টটি বাজারজাতকরণের সুবিধার্থে Exlusion Clause কমানোর বিষয়ে অনুরোধ ব্যক্ত করেন।

০৬। জনাব মো. রুহুল আমিন, জেনারেল ম্যানেজার, বাংলাদেশ ব্যাংক বলেন যে, প্রস্তাবিত পরিকল্পে বেশ কিছু Exclusion Clause অন্তর্ভুক্ত করা হয়েছে। যা' বঙ্গবন্ধু শিক্ষা বীমা পরিকল্পের উদ্দেশ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ নয়। কারণ বঙ্গবন্ধুর শিক্ষা বীমার উদ্দেশ্যই হচ্ছে কোন স্কুল ছাত্রই যেন তার অভিভাবকের অকাল মৃত্যুতে স্কুল জীবন থেকে যেন ঝরে না পড়ে। সেক্ষেত্রে শিক্ষার্থীর পিতা-মাতা/বীমাকৃত ব্যক্তির যেকোনভাবেই মৃত্যু হোক না কেন শিক্ষার্থীর শিক্ষা জীবন ঝরে যাওয়া রোধকল্পে বীমা দাবির Annuity স্বাভাবিকভাবেই পরিশোধ করার বিধান থাকলে এ পরিকল্পের লক্ষ্য উদ্দেশ্য সঠিকভাবে বাস্তবায়িত হবে। প্রাথমিকভাবে সকল শিক্ষার্থীর অভিভাবকের ব্যাংক এ্যাকাউন্ট খোলার প্রয়োজন নেই মর্মে প্রতীয়মান হয়। শুধুমাত্র মৃত্যু দাবি উপস্থাপিত হওয়ার পর বীমা দাবির টাকা গ্রহণ করার ক্ষেত্রে ব্যাংক এ্যাকাউন্ট ওপেন করার বিধান রাখা যেতে পারে। এছাড়া এ পরিকল্পের শিক্ষার্থীর অভিভাবক/বীমাকৃত ব্যক্তি হিসেবে শুধুমাত্র পিতাকেই নির্বাচিত করা প্রয়োজন, তবে শিক্ষার্থীর স্কুল গোয়িং এ যাওয়ার পূর্বে পিতার মৃত্যু হলে সেক্ষেত্রে মাতাকে বীমাকৃত ব্যক্তি হিসেবে মনোনিত করা যেতে পারে।

০৭। জনাব এম.জে. আজিম, সিইও প্রগতি লাইফ ইন্সুরেন্স লি. এবং প্রতিনিধি বাংলাদেশ ইন্সুরেন্স এসোসিয়েশন বলেন যে, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকীতে বঙ্গবন্ধু শিক্ষা বীমা পরিকল্পটি বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তবে বিশ্বে বীমা বাজারের সাথে সামঞ্জস্য রেখে যেখানে বাংলাদেশে বীমার বাজার বৃদ্ধির নানারূপ কর্মসূচি গ্রহণ করা হয়েছে সেখানে প্রোডাক্টটিতে Exclusion Clause এর পরিমাণ বেশি রাখা হয়েছে মর্মে প্রতীয়মান হয়। যা' ভবিষ্যতে প্রোডাক্টির বাজার সম্প্রসারণে প্রতিবন্ধকতা সৃষ্টি হতে পারে। তাছাড়া, পাইলটিং ভিত্তিতে জীবন বীমা কর্পোরেশনের পাশাপাশি বেসরকারি বীমা প্রতিষ্ঠানকে অন্তর্ভুক্ত করা যেতে পারে।

০৮। জনাব ইব্রাহিম ভূইয়া, উপসচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বলেন যে, বঙ্গবন্ধু শিক্ষা বীমা বাস্তবায়নে প্রস্তুতকৃত প্রোডাক্ট এর ডিজাইন পর্যালোচনায় দেখা যায় যে, ০৩ থেকে ১৭ বছর বয়স পর্যন্ত স্কুলগামী শিক্ষার্থীদের এ বীমায় অন্তর্ভুক্ত করা হবে। কিন্তু দেশে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা ব্যবস্থাও চলমান রয়েছে। সেক্ষেত্রে প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের পাশাপাশি কারিগরি ও মাদ্রাসা শিক্ষায় অধ্যয়নরত ০৩-১৭ বছর বয়সের সকল শিক্ষার্থীদেরকেও বঙ্গবন্ধু শিক্ষা বীমায় অন্তর্ভুক্ত করা হলে এ পরিকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য সঠিকভাবে বাস্তবায়িত হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন।

- সিদ্ধান্ত:

০১। ০২ (দুই) বছর মেয়াদে পাইলটিং ভিত্তিতে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সার্বিক সহযোগিতায় জীবন বীমা কর্পোরেশন 'বঙ্গবন্ধু শিক্ষা বীমা' পরিকল্পটি বাস্তবায়নের কাজ করবে।

০২। 'বঙ্গবন্ধু শিক্ষা বীমা' কার্যক্রম বাস্তবায়নের কাজ সহজ করার লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং কারগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ দেশের প্রতিটি জেলার ০১টি মাধ্যমিক বিদ্যালয়, ০১টি মাদ্রাসা ও ০১টি কারগরি শিক্ষা প্রতিষ্ঠান বাছাইপূর্বক বাছাইকৃত শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষার্থীর সংখ্যা এ বিভাগে প্রেরণ করবে।

০৩। 'বঙ্গবন্ধু শিক্ষা বীমা' কার্যক্রম বাস্তবায়নের কাজ সহজ করার লক্ষ্যে দেশের প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় প্রতিটি জেলার ০১টি করে প্রাথমিক বিদ্যালয় বাছাই করে বাছাইকৃত বিদ্যালয়ের সকল শিক্ষার্থীর সংখ্যা আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ করবে।

০৪। শিক্ষার্থীর পিতা-মাতা/বীমাগ্রাহকের মৃত্যুতে বীমাদাবির অর্থ ব্যাংক হিসাবের মাধ্যমে পরিশোধ করা হবে এবং বীমাদাবির নিষ্পত্তির ক্ষেত্রে ব্যাংক হিসাব খোলার জন্য বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১৪-০২-২০২১
(আবদুল্যাহ হারুন পাশা)
অতিরিক্ত সচিব (বীমা)

নম্বর-৫৩.০০.০০০০.৪১১.৩২.০০৩.২০- ১৫৪

০২ ফাল্গুন ১৪২৭
১৫ ফেব্রুয়ারি ২০২১

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(বাস্তবায়নের অনুরোধসহ);**
০২। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(বাস্তবায়নের অনুরোধসহ);**
০৩। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়**(বাস্তবায়নের অনুরোধসহ);**
০৪। চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা**(বাস্তবায়নের অনুরোধসহ);**
০৫। ড. মোহাম্মদ সোহরাব উদ্দিন, একচ্যুয়ারি, ঢাকা;
০৬। নির্বাহী পরিচালক, ফাইন্যান্সিয়াল ইনক্লুশন বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা;
০৭। প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্সুরেন্স এসোসিয়েশন, ১১৬, হোসেন টাওয়ার, বক্স কালভার্ট রোড, নয়াপল্টন, ঢাকা;
০৮। প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্সুরেন্স ফোরাম, ৩৬, দিলকুশা, বা/এ, ঢাকা;
০৯। ব্যবস্থাপনা পরিচালক, জীবন বীমা কর্পোরেশন, ২৪, মতিঝিল বা/এ, ঢাকা;
১০। সিনিয়র সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
১১। জনাব ফাহিম ইসলাম FSA, পরিচালক, Product & Strategy, MetLife, মতিঝিল বা/এ, ঢাকা;
১২। জনাব সত্যম সাধু, একচ্যুয়ারি, ম্যানেজার, একচ্যুয়ারিয়াল, MetLife, মতিঝিল বা/এ, ঢাকা;
১৩। অতিরিক্ত সচিব (বীমা)'র ব্যক্তিগত কর্মকর্তা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ(অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য); এবং
১৪। যুগ্মসচিব(বীমা)'র ব্যক্তিগত কর্মকর্তা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৫.০২-২১
কামরুল হক মারুফ
উপসচিব
ফোন: ৯৫৮৪৯৬৬

Masud/Documents/Jiban Bima/৪১১.৩২.০০২.১৮ □□□□□□□□ □□□□□□□□ □□□□□□□□ □□□□□ □□□□